জীবননগর উপজেলা চেয়ারম্যান প্রার্থী লিটনের সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলায় কর্মরত সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করছেন উপজেলা পরিষদের চেয়ারম্যান প্রার্থী মাইটিভির সিনিয়র রিপোর্টার এসকে লিটন।

আজ বুধবার বিকেলে জীবননগর হাসপাতাল রোডে এসকে লিটনের অফিসে এই মতবিনিময় সভার আয়োজন করা হয়। সিনিয়র সাংবাদিক শামসুল আলমের সভাপতিত্বে ও চাষী রমজান সঞ্চালনা মতবিনিময় সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তিলাওয়াত করেন হাফেজ আবু বক্কর।

সভায় স্বাগত বক্তব্যে এসকে লিটন বলেন, আমি সকল সাংবাদিকদের নিজের ভাই মনে করি। আপনারাও হয়তো তা-ই মনে করেন। আমি উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী হবো। আমি জীবননগরের উন্নয়নে কাজ করতে চাই। এলাকার জনগণের আশা আকাঙ্খা পূরণ করতে চাই। আমার যদি কোনো ভুল থাকে আপনারা ধরিয়ে দেবেন। আপনাদের পরামর্শ থাকলে আপনারা দেবেন।

এসকে লিটন আরও বলেন, আমি সেবা করতে এসেছি, আপনারা পাশে থাকবেন। আমি উপজেলায় নির্বাচন করতে এসেছি জনগণের জন্য আমি মনে করি আমার সঙ্গে থাকলে আপনাদের সম্মান খুণ্ন হবে। আমি আপনাদের সম্মান রাখার চেষ্টা করবো।

সভায় উপস্থিত ছিলেন জীবননগর প্রেসক্লাবের সভাপতি এমআর বাবু, জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জিএ জাহিদুল ইসলাম জাহিদ বাবু, সাধারণ সম্পাদক জামাল হোসেন খোকন, সাংবাদিক মতিয়ার রহমান, মানিক, মিথুন, ফেরদৌস ওয়াহিদ, মুতাছিন বিল্লাহ, মাজেদুল মিল্টন, এ আর ডাবলু, রকি, হাকিম, সাকিল প্রমুখ।

ঝিনাইদহ প্রেসক্লাবের নব-নির্বাচিত দুই প্রতিনিধিকে সংর্বধনা প্রদান

ঝিনাইদহ সদর উপজেলা শিক্ষক- কর্মচারী ক্রেডিট কো-আপারেটিভ লি: এর পক্ষ থেকে ঝিনাইদহ প্রেসক্লাবের পুন: নির্বাচিত সহ সাধারণ সম্পাদক সহকারী অধ্যাপক খুরশিদ মোহাম্মদ সালেহ এবং ঝিনাইদহ প্রেসক্লাবের নব নির্বাচিত দপ্তর সম্পাদক প্রভাষক মো: শাহানুর আলমকে সংর্বধনা ও ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয়।

আজ সোমাবার বিকালে ঝিনাইদহ সদর উপজেলা শিক্ষক- কর্মচারী ক্রেডিট কো-আপারেটিভ লি: এর অফিস কক্ষে এই সংবর্ধনা প্রদান করা হয়।

এসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা শিক্ষক- কর্মচারী ক্রেডিট কো-আপারেটিভ লি: (ক্লাব) এর সভাপতি প্রধান শিক্ষক আলমগীর হোসেন, উপজেলা ম্যানেজার হারুনর রশীদ, শিক্ষক নেতা কামরুল ইসলাম, রাহিজুল ইসলাম, অফিস সহকারী আজম খানসহ কাল্ব পরিবারের অন্যান্য সদস্যবৃন্দ।

ঝিনাইদহে দৈনিক সময়ের আলো পত্রিকার প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহে দৈনিক সময়ের আলো পত্রিকার ৬ষ্ট প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। আজ শনিবার (০২ মার্চ) দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে আলোচনা সভা ও কেক কেটে কর্মসূচী পালন করা হয়।ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক রথীন্দ্রনাথ রায় ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন দৈনিক সময়ের আলোর জেলা প্রতিনিধি কাজী আলী আহাম্মেদ লিকু, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহামুদ হাসান টিপু, সহ-সভাপতি ফয়সাল আহমেদ, এম রবিউল ইসলাম রবি, দপ্তর সম্পাদক শাহানুর আলম, সাংবাদিক আমিনুল ইসলাম লিটন, আব্দুল হাই, কাজী মোহাম্মদ আলী পিকু, জাফর উদ্দীন রাজু ও ওমর আলী সোহাগ প্রমূখ।

এসময় ঝিনাইদহ প্রেসক্লাবের সাংবাদিক ও সুধিবৃন্দ উপস্থিত ছিলেন। বক্তারা পত্রিকাটির উত্তর উত্তর সমৃদ্ধি ও সফলতা কামনা করেন।

ঝিনাইদহ প্রেসক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন সম্পন্ন

উৎসবমুখর পরিবেশে ঝিনাইদহ প্রেসক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে। নির্বাচনে একুশে টিভি ও জনকন্ঠ পত্রিকার প্রতিনিধি এম রায়হান সভাপতি ও এসএ টিভি ও দৈনিক বণিক বার্তা পত্রিকার প্রতিনিধি ফয়সাল আহমেদ সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন। গতকাল বৃহস্পতিবার বিকেলে ভোট গণণা শেষে নির্বাচন কমিশনার এ ফলাফল প্রকাশ করেন। সভাপতি এম রায়হান পেয়েছেন ৪৯ ভোট ও সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ পেয়েছেন ২৬ ভোট।

এছাড়াও আমাদের অর্থনীতি পত্রিকার প্রতিনিধি সুলতান আল একরাম ৩২ ভোট পেয়ে ১ নং ও ৩১ ভোট পেয়ে এশিয়ান টিভি, দৈনিক দেশ রুপান্তর ও বাংলানিউজটোয়েন্টিফোর’র প্রতিনিধি এম রবিউল ইসলাম রবি ২ নং সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন।

সহ-সাধারণ সম্পাদক পদে বিজয় টিভির প্রতিনিধি খোন্দকার জহুরুল ইসলাম হিরো ৪০ ও আমার সংবাদ পত্রিকার প্রতিনিধি খুরশিদ মোহাম্মদ সালেহ ৩০ ভোট পেয়ে নির্বাচিত হয়েছে। দপ্তর সম্পাদক পদে দৈনিক ঢাকা টাইমস পত্রিকার প্রতিনিধি শাহানুর আলম ৩৯ ভোট পেয়ে জয়ী হয়েছেন।

প্রচার সম্পাদক পদে চ্যানেল টোয়েন্টিফোর’র ঝিনাইদহ প্রতিনিধি

সাদ্দাম হোসেন ২৬ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। ক্রীড়া সম্পাদক পদে ৩৩ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন দৈনিক স্বাধীন বাংলা পত্রিকার প্রতিনিধি খাইরুল ইসলাম নিরব।

৩৮ ভোট পেয়ে সাহিত্য ও পাঠাগার সম্পাদক পদে নির্বাচিত হয়েছে গ্লোবাল টিভির ঝিনাইদহ প্রতিনিধি এস এম মেহেদি হাসান জিকু। সাংস্কৃতিক সম্পাদক পদে দৈনিক ভোরের কাগজ পত্রিকার প্রতিনিধি রোকনুজ্জামান মিলন ৩২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন।

সময় টিভির স্টাফ রিপোর্টার লোটাস রহমান সোহাগ সর্ব্বোচ্চ ৫৬ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। এছাড়াও নির্বাহী সদস্য পদে কালেরকন্ঠের প্রতিনিধি এম সাইফুল মাবুদ ৩৮, প্রথম আলোর নিজস্ব প্রতিবেদক আজাদ রহমান ৩২, দৈনিক মানবজমিন পত্রিকার প্রতিনিধি আমিনুল ইসলাম লিটন ৩৯, দৈনিক নবচিত্রের বার্তা সম্পাদক আসিফ ইকবাল কাজ ৩৭, বাংলাভিশন টিভির প্রতিনিধি আসিফ ইকবাল মাখন ৩২, বৈশাখী টিভির প্রতিনিধি রফিকুল ইসলাম মন্টু ৪৪, দৈনিক অর্থনীতির কাগজ পত্রিকার প্রতিনিধি মোস্তফা কামাল ৩৬, দৈনিক লাখোকন্ঠ পত্রিকার প্রতিনিধি ওমর আলী সোহাগ ৪৭ ও দৈনিক একুশের বাণী পত্রিকার প্রতিনিধি রেজওয়ানুল ইসলাম বাপ্পি ৫০ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন।

আজ সকাল ১০ টা থেকে শুরু হওয়া এ নির্বাচন চলে বিরতিহীন ভাবে দুপুর ২ টা পর্যন্ত। নির্বাচেন ২১ টি পদে ৩৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বীতা করেন। নির্বাচনে ভোটারের সংখ্যা ৬৬ জন।

নির্বাচন কমিশনারের দ্বায়িত্বে ছিলেন ঝিনাইদহ আদালতের আইনজীবি সুভাষ বিশ্বাস মিলন, তন্ময় কুমার কুন্ডু ও কাজী মেহেদী হাসান প্রিন্স। নব-নির্বাচিত এই কমিটিতে স্বাগত জানিয়েছেন ঝিনাইদহের নানা শ্রেণী পেশার মানুষ।

আলমডাঙ্গা প্রেসক্লাবের

দিনব্যাপী বার্ষিক বনভোজন অনুষ্ঠিত

আলমডাঙ্গা প্রেসক্লাবের উদ্যোগে বর্নাঢ্য আয়োজনের মধ্যদিয়ে বার্ষিক বনভোজন অনুষ্টিত হয়েছে। গতকাল বুধবার সকাল সাড়ে ১০ টার দিকে ঝিনাইদহ জেলার জোহান ড্রিম ভ্যালী পার্কে বনভোজনের আয়োজন করা হয়েছিল।

এসময় প্রেসক্লাবের ৩০ জন সদস্য বনভোজনে অংশ নেয়। এখানে অনুষ্ঠানমালা মধ্যে ছিল সুধিজনদের সাথে নিয়ে সাংবাদিকদের পার্কে শোভা যাত্রা, আলোচনা সভা, মধ্যাহ্নভোজ ও সাংস্কৃতিক অনুষ্ঠানসহ র্যাফেল ড্র অনুষ্ঠিত হয়। এই দিন সকল সাংবাদিকেরা আনন্দের অন্যতম দিনে পরিণত হয়। লটারির মাধ্যমে ১০ জন বিজয়ীকে তাদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

এছাড়াও সাংস্কৃতিক অনুষ্টান, কবিতা আবৃতি, কৌতুক অভিনয়, একক অভিনয় চলতে থাকে। এখানে সকল সদস্য, গাড়ির ড্রাইভার, রাধুনি সকলকে পুরষ্কার প্রদান করা হয়। র্যাফেল ড্রতে যারা পুরস্কার পায়, প্রথম পুরস্কৃত হয় দৈনিক পশ্চিমাঞ্চলের সহকারি ব্যুরো প্রধান রানা আফিদ্রি, দ্বিতীয় মাইক্রো ড্রাইভার, তৃতীয় হয়েছে প্রেসক্লাবের সদস্য লাল্টু রহমান, চতুর্থ মাইক্রো ড্রাইভার, পঞ্চম সাংবাদিক আতিক বিশ্বাস, ষষ্ট শামিম রেজা, সপ্তম আবুল কাশেম টুকু, অস্টম রুনু খন্দকার, নবম পুরস্কার সময়ের সমীকরনের ব্যুরো প্রধান হামিদুল ইসলাম, দশম পুরস্কার পান সময়ের সমীকরন পত্রিকার প্রতিনিধি ও সরকারি কলেজের সহকারী অধ্যাপক শেখ শফিউর রহমান।

প্রধান অতিথি হিসেবে পুরস্কার তুলে দেন আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু।

সার্বিক অনুষ্টান পরিচালনা করেন প্রেসক্লাবের ১নং নির্বাহী সদস্য ও সিনিয়র সাংবাদিক পশ্চিমাঞ্চলের ব্যুরো প্রধান প্রশান্ত বিশ্বাস, দৈনিক সমকালের আলমডাঙ্গা প্রতিনিধি ও প্রেসক্লাবের দপ্তর সম্পাদক তানভীর সোহেল, সাংস্কৃতিক সম্পাদক আতিক বিশ্বাস, সমাজ কল্যান সম্পাদক গোলাম সরোয়ার সদু, সহ-সাংগাঠনিক সম্পাদক বসিরুল আলম, আইসিটি সম্পাদক মীর ফাহিম ফয়সাল, নির্বাহী সদস্য জাফর জুয়েল প্রমুখ।

মেহেরপুরে যুগান্তরের ২৫ বছরে পদার্পনে আলোচনা সভা সম্মাননা প্রদান

মেহেরপুর জেলা প্রেস ক্লাব মিলনায়তনে আলোচনাসভা ও চারণ সাংবাদিককে সম্মাননা প্রদান করা হয়। যুগান্তর স্বজন সমাবেশ মেহেরপুর কমিটির উপদেষ্টা পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন সভাপতিত্ব করেন।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব চান্দুর সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা পরিষদের চেয়ারম্যান মোহা. আব্দুস সালাম, যুগান্তর প্রতিনিধি তোজাম্মেল আযম, চারণ সাংবাদিক আব্দুস সালাম, ইউএনবি প্রতিনিধি ও মেহেরপুর প্রেস ক্লাবের সাবেক সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম, জেলা আইনজীবী সমিতির সাবেক সাধারণ সম্পাদক খ ম ইমতিয়াজ বিন হারুণ জুয়েল, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, জেলা শিল্পকলা একাডেমির সাবেক সাধারণ সম্পাদক আনোয়ারুল হক কালু, সাংস্কৃতিক ব্যক্তিত্ব শামীম জাহাঙ্গীর সেন্টু, গাংনী উপজেলা সমবায় অফিসার মাহাবুবুল হক মন্টু, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন প্রমুখ।

অনুষ্ঠানে সম্মাননা জানানো হয় দৈনিক সংবাদের সাবেক চারণ সাংবাদিক আব্দুস সালামকে। তাকে উত্তরীয় পরিয়ে দেন মেয়র রিটন। ক্রেস্ট তুলে দেন জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম। এছাড়া চারন সাংবাদিক আব্দুস সালামকে উৎসর্গ করা যুগান্তর প্রতিনিধি তোজাম্মেল আযমের লেখা ‘মুজিবনগর: যুদ্ধজয়ের উপখ্যান’ বই ও পোষাক তুলে দেয়া হয়।

মেয়র রিটন বলেন- এখনও যুগান্তর নিরপেক্ষতা রেখে সংবাদ পরিবেশন করে আসছে। আগামীতেও এমনটা থাকার প্রত্যাশা করেন মেয়র।

জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম বলেন- গত ২৪ বছরে জেলার ২৪ জন সম্মাননা পেয়েছেন। আগামীতে সম্মানীয়রা স¤মানীত হবেন যুগান্তরের মাধ্যমে। এ মেহেরপুরের বড় পাওয়া।

জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক খ, ম, ইমতিয়াজ বিন হারুণ জুয়েল তার বক্তব্যে বলেন- যুগান্তরসহ যেকোন সাংবাদিকের বিরুদ্ধে কোন মামলা হলে তিনি ওই সাংবাদিককে কোন সম্মানীছাড়া আইনী সহায়তাসহ তার পাশে থাকবেন।

আজ রাজধানী টিভির আনুষ্ঠানিক উদ্বোধন

বস্তুনিষ্ঠ খবর পরিবেশনের অঙ্গীকার নিয়ে শুভ উদ্বোধন হতে যাচ্ছে রাজধানী টিভির। এ উপলক্ষে আজ বৃহস্পতিবার (২২ ফেব্রুয়ারি) সন্ধ্যায় ঢাকার শাহবাগস্থ ঢাকা ক্লাবে আয়োজন করা হয়েছে সাংস্কৃতিক অনুষ্ঠান ও নৈশভোজ।

এছাড়াও বাংলাদেশ সরকার অনুমোদিত বেসরকারি টিভি চ্যানেল (আইপি) রাজধানী টেলিভিশনের প্রতিনিধি সম্মেলন আয়োজন করা হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রীর শিক্ষা ও সাংস্কৃতিক বিষয়ক উপদেষ্টা ডঃ কামাল আবদুল নাসের চৌধুরী।

রাজধানী টেলিভিশনের চেয়ারম্যান এম এ এস ইমন বিশিষ্ট রাজনৈতিক, সাংস্কৃতিক ও মিডিয়া ব্যক্তিত্বসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষকে উপস্থিত থাকার আহ্বান জানিয়েছেন।

রাজধানী টেলিভিশন আনিশা গ্রুপের একটি প্রতিষ্ঠান। গ্রুপের জনপ্রিয় আরেকটি প্রতিষ্ঠান দৈনিক মেহেরপুর প্রতিদিন। যা ইতোমধ্যে মেহেরপুর সহ আশেপাশের জেলাগুলো ব্যপক জনপ্রিয়তা পেয়েছে।

মানববন্ধনের মাইক বন্ধে পুলিশ পাঠিয়ে, ইউএনওর দুঃখ প্রকাশ

মেহেরপুরে সাংবাদিকের ওপর হামলার প্রতিবাদে গাংনী উপজেলা প্রেসক্লাবের উদ্যোগে দীর্ঘ মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

এদিকে মানববন্ধন কর্মসূচিতে বক্তব্য চলাকালীন সময়ে পুলিশ পাঠিয়ে মাইক বন্ধের নির্দেশ দিয়ে পরে দুঃখ প্রকাশ করেছেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।

আজ মঙ্গলবার (২০ ফেব্রুয়ারি) সকাল সাড়ে ১০টার দিকে গাংনী উপজেলা প্রেসক্লাবের সামনে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের পাশে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি এমএ লিংকনের সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধনে প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক এম এ খালেক।

প্রধান অতিথির বক্তব্যে এম এ খালেক বলেন, সাংবাদিকদের উপর হামলার ঘটনার সাথে জড়িত দু’জনকে গ্রেফতার করা হয়েছে। বাকি আসামিদের দ্রুত গ্রেফতার করে আইনের আওতায় আনতে হবে।

দৈনিক ইত্তেফাক পত্রিকার গাংনী সংবাদদাতা আমিরুল ইসলাম অল্ডামের সঞ্চালনায় মানববন্ধন কর্মসুচিতে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, জেলা আওয়ামী লীগের উপদেষ্টা মন্ডলীর সদস্য একরামুল হক, তেরাইল জোড়পুকুরিয়া বঙ্গবন্ধু ডিগ্রি কলেজের অধ্যক্ষ মাসুমুল হক মিন্টু, বাঁশবাড়িয়া টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজম্যান্ট কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেল, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের গাংনী এরিয়া সমন্বয়কারি হেলাল উদ্দিন, এনজিও কর্মী নুরুল ইসলাম রিন্টু, সমাজ কর্মী, আব্দুর রব প্রমুখ।

এদিকে মানববন্ধন কর্মসূচি পালনকালিন সময় গাংনী থানার এস আই তৌহিদ উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার উদ্ধৃতি দিয়ে মাইক বন্ধ করার জন্য বলেন। বিষয়টি নিয়ে সাংবাদিকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়।

মানববন্ধন কর্মসূচি পালন শেষ সাংবাদিকরা উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার অফিসকক্ষে দেখা করেন। এবং মাইক বন্ধ করতে পুলিশ পাঠানোর বিষয়টি জানতে চান। পরে ইউএনও প্রীতম সাহা বলেন, এসএসসি পরীক্ষা চলার কারনে মাইক বন্ধ করার জন্য ওসি সাহেবকে ফোন দিয়ে মাইক বন্ধ করে দেওয়ার নির্দেশনা দেওয়া হয়েছে।

এসএসসি পরীক্ষা চলাকালীন সময়ে গাংনী উপজেলা অডিটরিয়ামে উপজেলা পর্যায়ের জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতায় মাইক ব্যবহার করে উচ্চ শব্দে নাচ গান চলছে এটা কতটা যুক্তিযুক্ত?

মানববন্ধন চলাকালে বিভিন্ন ক্লিনিক ও মাংস বিক্রেতার একাধিক মাইকিংয়ের গাড়ি পাকা সড়কে যেতে দেখা গেছে তাদের জন্য কি ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে? গত বৃহস্পতিবার (১৫ ফেব্রুয়ারী) এসএসসি ও সমমানের পরীক্ষা শুরুর একদিন আগে সন্ধ্যায় প্রশাসনের নাকের ডগায় ও হাসপাতালের একশ গজ দূরে বিশাল কনসার্ট ও সেখানে সংঘর্ষের ঘটনা ঘটেছে, এসব ঘটনায় প্রশাসনের কোন নজরদারি দেখা যায়নি। এলাকায় ঘটে যাওয়া বিভিন্ন অনিয়ম ও অসংগতির সংবাদ প্রকাশ হলেও উল্লেখযোগ্য কোনো প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হয়না। প্রশাসনের নাকের ডগায় গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় অবৈধ ইটভাটা গড়ে তুলে বনাঞ্চল উজাড়সহ পরিবেশ দুষন ঘটানো, সরকারি যায়গা দখল করে বাড়িঘর নির্মাণ, ড্রেজার মেসিন দিয়ে অবৈধভাবে বালি উত্তোলন, দাপ্তরিক কাজ ফেলে রেখে সরকারি সকল দফতরের কর্মকর্তাদের নিয়ে বিভিন্ন কর্মসূচিতে যোগদানের বিষয়ে সাংবাদিকরা জানকে চাইলে এসব প্রশ্নের কোনো সদুত্তর মেলেনি ইউএনও প্রীতম সাহার কাছ থেকে।

তবে এসব প্রসঙ্গ উঠলে উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রীতম সাহা মানববন্ধনের ঘটনায় মাইক বন্ধের নির্দেশনায় দুঃখ প্রকাশ করেন। তবে তিনি বলেন, আপনারা নিউজ করতেই পারেন। আজ এখানে আছি কর্তৃপক্ষ মনে করলে বান্দরবন চলে যেতে হবে।

এদিকে আন্তর্জাতিক মাতৃভাষার মাসে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে উপজেলার করমদি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী তানভির আহমেদ মাইকের উচ্চ শব্দে হিন্দি গানের সাথে নেচে সমালোচনায় পড়েছেন আয়োজকরা।

এ বিষয়েও প্রশাসনের নজরদারির গাফেলতিকে দায়ী করছেন স্থানীয়রা।

পাশে সন্ধানী স্কুল এন্ড কলেজে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে তাহলে উচ্চ শব্দে মাইক বাজিয়ে এমন অনুষ্ঠানের বিষয়ে জানতে চাইলে

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার নাসির উদ্দিন জানান এটা ইউএনও স্যারের প্রোগ্রাম। মাইক চললে কোন অসুবিধা নাই। তবে বিষয়টি নিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে জানালে ইউএনও প্রীতম সাহা অফিসের সহায়ক মনিরুল ইসলামকে পাঠিয়ে মাইক বন্ধ করার নির্দেশ দেন।

উল্লেখ্য, গেল ১২ ফেব্রুয়ারী আমঝুপি মানব উন্নয়ন কেন্দ্র (মউক) সংস্থা অফিসের সামনে সড়ক দূর্ঘটনার সংবাদ সংগ্রহকালে নিউজ ২৪ এর স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান ও দৈনিক জবাবাদিহি পত্রিকার জেলা প্রতিনিধি সিরাজুদ্দোজা পাভেল দূর্বৃত্তদের হাতে হামলার শিকার হন। এই নিয়ে সাংবাদিকরা বিভিন্ন প্রতিবাদ কর্মসুচি পালন করে আসছে।

ঢাকা পোস্টের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

ঢাকা পোস্টের চতুর্থ বর্ষে পদার্পণ অনুষ্ঠানে বক্তারা বলেন, বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করার মধ্যদিয়ে ইতোমধ্যে দেশের মানুষের কাছে একটা জনপ্রিয় নিউজপোর্টাল হিসেবে আবির্ভূত হয়েছে ঢাকা পোস্ট। ঢাকা পোস্ট সত্যের সঙ্গে বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করছে।

শুক্রবার (১৬ ফেব্রুয়ারি) দুপুরে বাগেরহাটের সুন্দরবন রিসোর্ট ও পিকনিক কর্ণারে ঢাকা পোস্টের চতুর্থ বর্ষে পদার্পণ উপলক্ষে আয়োজিত কেককাটা ও আলোচনা সভায় বক্তারা এসব কথা বলেন।

অনুষ্ঠানে খুলনা প্রেসক্লাবের সভাপতি এস এম নজরুল ইসলাম বলেন, ঢাকা পোস্ট যেভাবে হাঁটি হাঁটি পা পা করে চতুর্থ বছরে পদার্পণ করল। এর সবচেয়ে বড় বিষয় হলো পাঠক এটিকে পছন্দ করে। কারণ এটি বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করে। সত্য এবং বস্তুনিষ্ঠ লিখলেই মানুষ এটাকে পছন্দ করবে।

খুলনা সংবাদপত্র পরিষদের সভাপতি ও দৈনিক পূর্বাঞ্চলের সম্পাদক মোহাম্মদ আলী সনি বলেন, ঢাকা পোস্ট সত্যের সঙ্গে বস্তুনিষ্ঠ

মেহেরপুরে দুই সাংবাদিকের উপর হামলা, জেলা প্রেস ক্লাবের ৭দিনের আল্টিমেটাম

মেহেরপুরের আমঝুপিতে চ্যানেল ২৪ এর স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান ও জবাবদিহির জেলা প্রতিনিধি সিরাজুদ্দোজা পাভেলের উপর হামলা ঘটনায় ৭দিনের আল্টিমেটাম কর্মসূচি ঘোষণা করেছে জেলা প্রেস ক্লাব।

আজ বৃহস্পতিবার বিকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাব মিলনায়তনে সংগঠনের সভাপতি তোজাম্মেল আযমের সভাপতিত্বে এক জরুরি সভা শেষে এ ঘোষণা করেন সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু।

অন্যদের মধ্যে বক্তব্য দেন সাবেক সাধারণ সম্পাদক ইয়াদুল মোমিন, সহসভাপতি আবু নাসের চৌধুরী সম্রাট, কোষাধাক্ষ দিলরুবা খাতুন, ইত্তেফাক প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম, আমাদের অর্থনীতি প্রতিনিধি মাসুদ রানা, লাখোকষ্ঠ প্রতিনিধি রফিকুল ইসলাম বকুল, কালবেলা প্রতিনিধি খান মাহমুদ আল রাফি, এশিয়ান টিভি প্রতিনিধি মাসুদ রানা, আহত সাংবাদিক সিরাজুদ্দোজা পাভেল, সাংবাদিক এ সিদ্দিকী শাহিন, কামরুল ইসলাম, তোফায়েল আহমেদ, শহিদুল ইসলাম, সোমেল রানা, ওবায়দুল্লাহ প্রমুখ।

সভা শেষে সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু কর্মসূচির ঘোষণা দেন। তিনি বলেন, দুই সাংবাদিকের উপর হামলার ঘটনায় একটি মামলা হয়েছে। মামলার দুইজন আসামিকে পুলিশ আটক করেছে এজন্য পুলিশকে সাধুবাদ জানাই। একই সঙ্গে বাকি আসামিদের এক সপ্তাহের মধ্যে আটক করার দাবি জানান। এর মধ্যে যদি ওই সকল আসামি আটক না হয় তাহলে জেলা প্রেস ক্লাব বিভিন্ন কর্মসূচি হাতে নেবে। সারা বাংলাদেশের সাংবাদিকদের দিয়ে সারা দেশে এ আন্দোলন ছড়িয়ে দেওয়া হবে।